

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস ২০২২ পালন

প্রকাশন তারিখ: ২০২২-০৮-১৫

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষ্যে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দিনব্যাপী কর্মসূচির আয়োজন করা হয়। সূর্যোদয়ের সাথে সাথে আগারগাঁওস্থ আবহাওয়া ভবন চত্বরে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মাধ্যমে দিনের কার্যক্রম শুরু করা হয়।

জাতীয় শোক দিবসের কার্যক্রমের শুরুতে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ঝড় সতর্কীকরণ কেন্দ্রের ৩য় তলার সম্মেলন কক্ষে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করা হয়। পরবর্তীতে উপপরিচালক জনাব কাওসার পারভিন এর সভাপতিত্বে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা বাংলাদেশের স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর অবদান, স্বাধীনতা পরবর্তী সময়ে দেশ পুনর্গঠনে তাঁর গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন এবং জাতীয় শোক দিবসের তাৎপর্য তুলে ধরেন। সভার প্রধান অতিথি পরিচালক মোঃ আজিজুর রহমান তাঁর বক্তৃতায় বঙ্গবন্ধুর জীবনাদর্শের বিভিন্ন দিক উল্লেখকরতঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের তা অনুসরণ করার তাগিদ দেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপপরিচালক (প্রকৌশল) জনাব আহমেদ আরিফ রশিদ।

আলোচনা সভার শেষে বঙ্গবন্ধুসহ ১৫ আগস্ট ১৯৭৫ সালে শাহাদত বরণকারী সকলের আত্মার মাগফিরাতের জন্য বিশেষ মোনাজাত করা হয়।